

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৪৬

১/ বিবিধ

আরবী

ألا أخبركم بأفضل الملائكة جبريل عليه السلام، وأفضل النبيين آدم، وأفضل الأيام يوم الجمعة، وأفضل الشهور شهر رمضان، وأفضل الليالي ليلة القدر، وأفضل النساء مريم بنت عمران
موضوع

رواه الطبراني (11361) من طريق نافع أبي هرmez، عن عطاء بن أبي رباح، عن ابن عباس مرفوعا

قلت: وهذا موضوع، نافع أبوهرمز، كذبه ابن معين، وقال النسائي ليس بثقة، وأفضل النبيين إنما هو نبينا محمد صلى الله عليه وسلم بدليل الحديث الصحيح: (أنا سيد الناس يوم القيامة ...)

أخرجه مسلم (1 / 127) ، فهذا يدل على وضع هذا الحديث ومع ذلك أورده في " الجامع " والحديثي أورده الهيثمى في " المجمع " (8 / 198) وضعفه بنافع وقال: متروك ثم ذكره في (3 / 140) و (2 / 165) وقال عنه في الموضوعين ضعيف

বাংলা

৪৪৬। আমি তোমাদেরকে কি সংবাদ দিব না সর্বোত্তম ফেরেশতা সম্পর্কে তিনি হচ্ছেন জিবরীল (আঃ)। সর্বোত্তম নবী সম্পর্কে তিনি হচ্ছেন আদম (আঃ)। সর্বোত্তম দিবস সম্পর্কে সেটি হচ্ছে জুম'আর দিবস। সর্বোত্তম মাস সম্পর্কে সেটি হচ্ছে রমযান মাস। সর্বোত্তম রাত সম্পর্কে সেটি হচ্ছে লায়লাতুল কাদরের রাত এবং সর্বোত্তম নারী

সম্পর্কে তিনি হচ্ছেন মারইয়াম বিনতু ইমরান।

হাদীসটি জাল।

এটি তাবারানী (১১৩৬১) নাফে আবু হুরমুয সূত্রে আতা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। নাফে আবু হুরমুযকে ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। নাসাই বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

সর্বশ্রেষ্ঠ নবী হচ্ছেন আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। সহীহ হাদীসের দলীল দ্বারা তা প্রমাণিত। তিনি বলেনঃ “আমি কিয়ামত দিবসে লোকদের সর্দার...।” হাদীসটি ইমাম মুসলিম (১/১২৭) বর্ণনা করেছেন। এটি প্রমাণ করছে যে, আলোচ্য হাদীসটি বানোয়াট। তা সত্ত্বেও "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করা হয়েছে।

হাদীসটি হায়সামী “আল-মাজমা” গ্রন্থে (৮/১৯৮) উল্লেখ করেছেন এবং সেটিকে নাফে'র কারণে দুর্বল বলেছেন। তিনি আরো বলেছেনঃ তিনি মাতরুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68031>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন